ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬০৫

আগরতলা, ২৯ আগস্ট, ২০২৫

## পশ্চিম জেলার নানা স্থানে রাস্তা সংস্কারের কাজ

চলতি অর্থবর্ষে পশ্চিম জেলার অন্তর্গত পূর্ত দপ্তরের জিরানীয়া ডিভিশনে মোট ১৫.০২ কিমি এবং খয়েরপুরে মোট ১৭.৩২ কিমি রাস্তা মেরামত করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরমধ্যে জিরানীয়ার অন্তর্গত মান্দাই থেকে ভায়া নারায়ন বাড়ি হয়ে বিশ্রামবাড়ি পর্যন্ত মোট ১.৫০ কিমি রাস্তার মধ্যে ০.৭০ কিমি রাস্তা সারাইয়ের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। এছাড়া বোইমছেড়া থেকে ঝুলনটিলা পর্যন্ত ১ কিমি, রাণীরবাজার মোটর স্ট্যান্ড থেকে দূর্গানগর উচ্চবিদ্যালয় পর্যন্ত মোট ০.৫৫ কিমি রাস্তার মধ্যে ০.১৫ কিমি রাস্তা সারাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। খয়েরপুরের পশ্চিম নোয়াবাদী গ্রাম পঞ্চায়েতের আমতলী থেকে সেনপাড়া পর্যন্ত মোট ২.৫০ কিমি রাস্তার মধ্যে ১.৩০ কিমি রাস্তা সারাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। পূর্ত দপ্তরের জিরানীয়া ডিভিশন কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****